

শরৎকাল

ভাদ্র-আশ্বিন এই দুই মাস শরৎকাল। শরৎকাল বাংলার তৃতীয় ঋতু। বর্ষার পরই শরতের আবির্ভাব ঘটে। বর্ষার ভ্যাপসা গরমের পর একটু হিমের পরশ পাওয়া যায়। এই সময় নীল আকাশের বৃকে সাদা মেঘের দল ভেসে বেড়ায়। সরোবরে পদ্মফুল শোভা বর্ধন করে। নদীর পাড়ে কাশফুলের সমারোহ দেখা যায়। সকালবেলায় ঘাসের আগায় শিশির বিন্দু সূর্যের আলোয় ঝলমল করে। শিউলি ফুলের গন্ধে চারিদিক আমোদিত হয়ে ওঠে। প্রকৃতি সত্যিই এক অপরূপ সাজে সেজে ওঠে। শরৎ হল বাংলাদেশের তথা বাঙালির উৎসবের ঋতু। বাঙালির সর্বশ্রেষ্ঠ উৎসব দুর্গাপূজা শরৎকালেই অনুষ্ঠিত হয়। শরৎকালে এই পূজা হয়ে থাকে বলে একে ‘শারদীয়া পূজাও’ বলা হয়। নানা উৎসবের মধ্য দিয়ে শরৎকালটি কখন অতিবাহিত হয়ে যায় বোঝাই যায় না। শরৎকাল যদিও আনন্দ উৎসবের ঋতু, তবুও এসময় নানারকম রোগেরও প্রাদুর্ভাব ঘটে। বিশেষত জলবাহিত রোগ, ম্যালেরিয়া, জ্বর-সর্দির প্রকোপ দেখা যায়। যদিও এসময় কিছু অসুবিধা দেখা দেয় তবুও শরৎকাল উৎসবের ঋতু।